ভোরের কাগজ

MAR. 1 1 2001

তারিখ : ...
পৃষ্ঠা ১ কলাম ২

# এসএসসি পরীক্ষা কেন্দ্রে রাজনৈতিক নেতাদের না যাওয়ার অনুরোধ

কাগজ প্রতিবেদক : শিক্ষক সমিতি ফেডারেশন কাল থেকে শুরু হওয়া এসএসসি পরীক্ষায় রাজনৈতিক নেতৃবৃন্দকে পরীক্ষা কেন্দ্রে যাওয়া থেকে বিরত থাকতে অনুরোধ জানিয়েছে। পাশাপাশি ফেডারেশন শিক্ষকদের প্রতি আহ্বান জানিয়ে ফেডারেশন বলেছে, নকলমুক্ত পরিচ্ছন্ন পরিবেশে পরীক্ষা অনুষ্ঠানের যেকোনো ঝুঁকি গ্রহণ ও ত্যাগ স্বীকারে প্রস্তুত থাকতে হবে।

ফেডারেশনের সদস্য সংগঠন বাংলাদেশ শিক্ষক সমিতির উদ্যোগে সেগুনবাগিচা হাই স্কুলে গতকাল মঙ্গলবার অনুষ্ঠিত 'শিক্ষক সমাজ নকল প্রতিরোধে দৃঢ় প্রতিজ্ঞ' শীর্ষক আলোচনা সভায় শিক্ষক নেতৃবৃন্দ এ আহ্বান জানান। তারা শিক্ষকদের যথোপযুক্ত নিরাপত্তা ও মর্যাদা দাবি করে পরীক্ষায় অসদুপায়ের সঙ্গে কোনো শিক্ষক জড়িত থাকলে তার বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের জন্য সরকার ও সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রতি আহ্বান জানান।

সভায় শিক্ষক নেতৃবৃন্দ বলেন, রাজনৈতিক নেতাদের সঙ্গে তাদের কর্মী বা

● এরপর পৃষ্ঠা ২ কলাম ৩

## এসএসসি পরীক্ষা কেন্দ্রে

● প্রথম পাতার পর

সমর্থক বলে পরিচিত একটি গোষ্ঠী পরীক্ষা কেন্দ্রে গিয়ে পরীক্ষার পবিত্র পরিবেশকে কলুষিত করে তোলে। শিক্ষক নেতৃবৃন্দ নকল প্রতিরোধ তথা সুষ্ঠু পরীক্ষা গ্রহণের উদ্দেশে শিক্ষক অভিভাবক, প্রশাসনের যৌথ ও সমন্বিত উদ্যোগ গ্রহণের ওপর জোর দেন।

বাংলাদেশ শিক্ষক সমিতির সভাপতি ও ফেডারেশনের ভারপ্রাপ্ত চেয়ারম্যান মোঃ আজিজুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় প্রধান বক্তা হিসেবে বক্তব্য রাখেন ফেডারেশনের সেক্রেটারি জেনারেল অধ্যক্ষ কাজী ফারুক আহমেদ এবং আলোচনায় অংশ নেন শিক্ষক নেতৃবৃন্দ অধ্যক্ষ আসাদুল হক, মোঃ আব্দুল হাই, মোহাম্মদ শহীদ উল্লা, খান মোশাররফ হোসেন, আজিজুর রহমান, শামছুন নাহার, মঞ্জুর মাহমুদ, উপাধ্যক্ষ নুরুল নবী সিদ্দিকী